দৈনিক খবর

তারিখ 3 0 APR. 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

146

অর্থাভাবই মূল কারণ

# নওগাঁ জেলায় ৫৪ হাজার শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত

● বিশ্বজিৎ সরকার ●

নওগাঁ, ২৯শে এপ্রিল। – সংসারে অভাব এবং রোজগার করার মত কেউ না থাকায় নওগাঁ জেলায় প্রায় ৫৪ হাজার শিশু এখনো শিক্ষার আলো থেকে বঞ্চিত রয়েছে। এ ছাড়া সংসারে নানা জটিলতার কারণে ইতিমধ্যেই ১২ হাজার ৮২৭ জন শিশু স্কুলে ভর্তি হয়েও নাম কাটিয়ে নিতে বাধ্য হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তরের এক জরিপ রিপোর্ট সূত্রে একথা জানা গেছে। সূত্র জানায়, নওগাঁ জেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় ৬ থেকে ১০ বছরের শিশুর সংখ্যা প্রায় ৩ লাখ ২ হাজার ৮১৮ জন। এর মধ্যে আত্রাই থানায় ২৪ হাজার ৮০৪ জন, ধামইর হাটে ২০ হাজার ১৯১ জন, সদর থানায় ৪২ হাজার ৯১৩ জন, নিয়ামতপুর থানায় ২৪ হাজার ৬৫০ জন, পত্নীতলা থানায় ২৮ হাজার ৪৮৭ জন, পোরশা থানায় ১৪ হাজার ৪৭২ জন, বদলগাছী থানায়, ২৮ হাজার ৫৭৯ জন, মহাদেবপুর থানায় ৩৫ হাজার ৮৪২ জন, মান্দা থানায় ৪৭ হাজার ৭৯১ জন; রানীনগর থানায় ২৩ হাজার ১০০ জন এবং সাপাহার থানায়, ২১ হাজার ৯৮৯ জন। বিভিন্ন থানায় শিক্ষার আলো থেকে বঞ্চিত শিশুর সংখ্যা আত্রাই থানায় ৫ হাজার ৩১৬ জন, ধামরাই হাট থানায় ২ হাজার ৮২০ জন, সদর থানায় ৫ হাজার ৩৬৩ জন, নিয়ামতপুর থানায় ৩ হাজার ৬০২ জন, পত্নীতলা থানায় ৪ হাজার ৬৭৬ জন, পোরশা থানায় ২ হাজার ৯২৯ জন; বদলগাছি থানায় ৩ হাজার ৭৩৪ জন, মহাদেবপুর থানায় ৭ হাজার ৭২৯ জন, মান্দা থানায় ৬ হাজার ৪৪০ জন, রানীনগর থানায় ৫ হাজার ৬৩১ জন এবং সাপাহার থানায় ৫ হাজার ৫১৮ জন। এছাড়াও জেলার ১১টি থানায় নানা প্রতিবন্ধকতার কারণে ১২ হাজার ৮২৭ জন শিশু স্কুলে ভর্তি হওয়ার পরেও লেখাপড়া ছেড়ে দিতে বাধ্য হয়েছে। এদের মধ্যে ৬ হাজার ৫০৩ জন বালক এবং ৬ হাজার ৩২৪ জন বালিকা।

পিতৃহীন বালক–বালিকা যাদের সংসারে রোজগার করার মত কেউ নেই তারা জীবিকার তাগিদে কেউ চায়ের স্টলে, হোটেল–রেস্তোরাঁয়, ইট ভাটায় অথবা বাদাম বিক্রিসহ রোজগারের পথে নেমেছে। আর বালিকারা বাসাবাড়ীতে অন্তত ঝি–এর কাজ করে দু'মুঠো অন্নের সংস্থান করছে। এমতাবস্থায় তারা শিক্ষা গ্রহণের কোন সুযোগ পাচ্ছে না। সর্বাগ্রে ঐ সব পরিবারের কর্মসংস্থান করতে না পারলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী ব্যাহত হবার আশংকা রয়েছে।